অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/17/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল SUNY পলিটেকনিক ইনস্টিটিউটে ট্রান্সফরমেশনাল 44 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ ঘোষণা করেছেন

স্বাস্থ্য বিজ্ঞান উইং এর সম্প্রসারণ, নার্সিং ল্যাব আপডেট এবং সেমিকন্ডাক্টর প্রসেসিং ল্যাব এবং রোবোটিক্স ও অ্যাডইভান্স ম্যানুফ্যাকচারিং ল্যাব তৈরিতে তহবিল বরাদ্দ দেওয়া হবে

SUNY এবং মোহক ভ্যালিতে গভর্নর হোকলের ঐতিহাসিক বিনিয়োগে তৈরি করে

বিশ্ববিদ্যালয়ে 44 মিলিয়ন মার্কিন ডলার স্টেট বিনিয়োগের ঘোষণা করতে গভর্নর ক্যাথি হোকল আজ স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (State University of New York, SUNY) পলিটেকনিক ইনস্টিটিউট কমিউনিটি এবং SUNY চ্যান্সেলর জন বি. কিং জুনিয়র এর সাথে যোগদান করেছেন, যা বর্তমান স্বাস্থ্য বিজ্ঞান উইংকে সম্প্রসারিত করবে এবং ডোনোভান হলে নার্সিং ল্যাবগুলোকে আপডেট করবে সেই সাথে কর্মী উন্নয়নের জন্য একটি সেমিকন্ডাক্টর প্রসেসিং ল্যাব এবং একটি রোবোটিক্স এবং অ্যাডইভান্স ম্যানুফ্যাকচারিং রিসার্চ এবং শিক্ষা ল্যাব তৈরি করবে। স্টেট এবং দেশের প্রিমিয়ার পাবলিক পলিটেকনিক হওয়ার পথে, এই নতুন বিনিয়োগটি STEM এবং স্বাস্থ্য বিজ্ঞানের লিডার হিসাবে SUNY পলিটেকনিক ইনস্টিটিউটে এর ক্রমবিকাশ অব্যাহত রেখেছে।

"এই বিনিয়োগ দেশের সর্বোত্তম পাবলিক শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলার জন্য এবং উৎপাদন শিল্পে নিউইয়র্কের নেতৃত্বের ভূমিকাকে সুদৃঢ় করার আরেকটি বিশাল পদক্ষেপ," **গভর্নর হোকল বলেন।** "এই গুরুত্বপূর্ণ বিনিয়োগের মাধ্যমে, শিক্ষার্থীরা SUNY-তে একটি সাশ্রয়ী মূল্যের এবং মানসম্পন্ন শিক্ষা গ্রহণ করতে পারবে, নিউ ইয়র্কের ক্রমবর্ধমান উৎপাদন শিল্পে যোগ দিতে পারবে এবং নিজেদের ও নিউ ইয়র্ক স্টেটের জন্য একটি উজ্জ্বল ভবিষ্যত গড়ে তুলতে পারবে।"

SUNY পলিটেকনিক ইনস্টিটিউটে 44 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ সম্ভব হয়েছে প্রণীত স্টেট বাজেট থেকে SUNY কর্তৃক প্রাপ্ত ক্যাপিটাল সমর্থন দ্বারা এবং এটি SUNY পলিটেকনিক ইনস্টিটিউটকে দেশের প্রিমিয়াম পলিটেকনিক ইনস্টিটিউট হিসেবে প্রতিষ্ঠার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে সেবা দেবে। 44 মিলিয়ন মার্কিন ডলারের ব্রেকডাউন নিম্নরূপ:

- **স্বাস্থ্য বিজ্ঞান উইং সম্প্রসারণ:** এই প্রকল্পটি সেন্টার ফর হেলথকেয়ার ইনোভেশন প্রতিষ্ঠা করে – ক্রমবর্ধমান মেন্টাল হেলথ, ফিজিক্যাল হেলথ এবং এনভারনমেন্টাল হেলথ চাহিদা পূরণের জন্য একটি সহযোগী সেন্টার। সেন্টারটি স্বাস্থ্য ক্ষেত্রে উদ্যোক্তা প্রচেষ্টা; মাল্টিডিসিপ্লিনারি গবেষণা, ক্লিনিকাল প্র্যাকটিস এবং প্রোগ্রাম উন্নয়ন প্রমোট; শিক্ষার্থীদের জন্য প্রায়োগিক শিক্ষার সুযোগ বৃদ্ধি; এবং কমিউনিটি অংশীদারিত্ব ও উদ্যোগ চর্চা সহজতর করবে।

- **নতুন সেমিকন্ডাক্টর প্রসেসিং ল্যাব:** মাইক্রোন, উলফস্পিড, সেমিক্রন-ড্যানফস, ইন্ডিয়াম কর্পোরেশন এবং গ্লোবাল ফাউন্ড্রিজের মতো কোম্পানিগুলো বিনিয়োগ, নির্মাণ এবং সম্প্রসারণ করছে, যার ফলে কর্মসংস্থান এবং যার জন্য আরো বেশি কর্মচারীর চাহিদা তৈরি হচ্ছে। এই 3,000-বর্গফুট সেমিকন্ডাক্টর প্রসেসিং ল্যাবটিতে বিনিয়োগ এবং এটি বিজ্ঞান, প্রযুক্তি, প্রকৌশল এবং গণিত (Science, Technology, Engineering and Math, STEM) এবং সেমিকন্ডাক্টর উৎপাদন, গবেষণা এবং উন্নয়নের উপর ফোকাস করে একটি শক্তিশালী বিশ্ববিদ্যালয় শিক্ষার মাধ্যমে আরো শিক্ষার্থী প্রদান করবে।
- **নার্সিং ল্যাবরেটরির আপডেট:** এই অত্যাবশ্যক সম্প্রসারণ, যা ম্যানিকিন এবং আপ-টু-ডেট সিমুলেটর সহ 12টি ক্লিনিকাল স্টেশন বসাবে, কলেজ অভ হেলথ সায়েন্সের ফেকাল্টিকে আধুনিক যুগের সরঞ্জাম এবং সিমুলেশন নিযুক্ত করার সুযোগ দেবে। ফলস্বরূপ, শিক্ষার্থীরা দক্ষ এবং কার্যকর হেলথ কেয়ার প্রদানকারী হওয়ার জন্য প্রয়োজনীয় পেশাদার দক্ষতাগুলো কার্যকরভাবে উন্নয়ন করতে সক্ষম হবে।
- **নতুন রোবোটিক্স এবং অ্যাডভান্স ম্যানুফ্যাকচারিং রিসার্চ ও শিক্ষা ল্যাব**: এই ল্যাবটি উন্নত রোবোটিক্স, সেন্সর এবং কন্ট্রোল, স্মার্ট উৎপাদন, ইন্ডাস্ট্রি 4.0 উদ্যোগ এবং সেই সাথে সকল সুবিধার জন্য SUNY পলিটেকনিক ইনস্টিটিউট AI এর সাথে একটি সমন্বিত যোগাযোগ তৈরির ক্ষেত্রে শিক্ষাগত এবং গবেষণা উভয় সুযোগই সমর্থ করবে। অত্যাধুনিক ফ্যাসিলিটি ফ্যাকাল্টিকে তাদের স্কলারশীপ এবং স্পনসরড গবেষণা কার্যক্রম এবং পাঠ্যক্রমের মধ্যে কোর্স মডিউল, সেইসাথে শিক্ষার্থীদের জন্য সার্টিফিকেট এবং ক্রেডিট বহনকারী মাইক্রো-পরিচয়পত্র দেওয়ার সুযোগ দেবে। এটি মোহক ভ্যালিতে কর্মীদের দক্ষ করার জন্য অব্যাহত এবং পেশাদার শিক্ষার (Continuing and Professional Education, CPE) সুযোগও প্রদান করবে।

স্টেট ইউনিভার্সিটি অভ নিউ ইয়র্ক ক্যাপিটাল কনস্ট্রাকশন ফান্ড, স্টেট বাজেট এবং স্টেট অ্যাসেম্বলি মেম্বার মারিয়ান বুটেনশন কর্তৃক সুরক্ষিত বরাদ্দের মাধ্যমে তহবিলগুলো সম্ভব হয়েছিল।

স্টেট সিনেটর জোসেফ গ্রিফো বলেন, "SUNY পলিটেকনিক ইনস্টিটিউট শেখার, গবেষণা এবং উদ্ভাবনে লিডার এবং মোহক ভ্যালির একটি গুরুত্বপূর্ণ অংশ। স্টেট অর্থায়নে এই বিনিয়োগের ফলে বিদ্যমান ভবন এবং আরো রিসোর্স সম্প্রসারণ এবং ক্যাম্পাসে সম্প্রসারিত

সুযোগের সাথে নতুন কন্সট্রাকশন হবে যা সামনের বছরগুলোর জন্য কলেজের প্রবৃদ্ধি এবং সমৃদ্ধি আনতে সাহায্য করবে।"

অ্যাসেম্বলি মেম্বার মারিয়ান বুটেনচন বলেন, "মোহক ভ্যালিতে SUNY পলিটেকনিক ইনস্টিটিউটের ক্যাম্পাসের জন্য এই ঐতিহাসিক তহবিল সুরক্ষিত করার জন্য আমি অত্যন্ত কৃতজ্ঞ এবং সম্মানিত। আমি এই প্রতিষ্ঠান এবং তারা যে অবিশ্বাস্য কাজ সৃষ্টি করে তাতে দৃঢ়ভাবে বিশ্বাস করি এবং এই বিনিয়োগগুলো আসন্ন বছরগুলোতে তাদের যেভাবে উপকৃত করবে তা দেখার জন্য উদগ্রীব হয়ে আছি। আমাকে এই বরাদ্দের জন্য জোর দেওয়া এবং এই প্রচেষ্টাগুলোতে বিশ্বাস করার জন্য আমি গভর্নর হোকলের সাথে আইনসভায় আমার সহকর্মীদের ধন্যবাদ জানাতে চাই। SUNY পলিটেকনিক ইনস্টিটিউটে এই বিনিয়োগগুলো নিশ্চিত করবে যে এটি দেশের একটি শীর্ষ পলিটেকনিক বিশ্ববিদ্যালয় হিসাবে অব্যাহত থাকবে এবং আমি যে প্রবৃদ্ধি অর্জন করেছে তা দেখতে আগ্রহী।"

ওনাইডা কাউন্টির নির্বাহী অ্যান্থনি জে. পিসেন্টে জুনিয়র বলেন, "শুধু ওনাইডা কাউন্টি নয়, বরং সমগ্র অঞ্চলের জন্যও SUNY পলিটেকনিক ইনস্টিটিউট একটি অপরিহার্য সম্পদ তা আমরা সর্বদা জেনেছি। এই কারণেই আমরা নর্থ-ওয়েস্টে প্রিমিয়ার পলিটেকনিক ইনস্টিটিউট হিসাবে এর মর্যাদা বজায় রাখার জন্য এত কঠিন লড়াই করেছি এবং এটি সমর্থন করে এমন সমস্ত ক্ষেত্রে বিনিয়োগ অব্যাহত রেখেছি। ওনাইডা কাউন্টি সেমিকন্ডাক্টর প্রসেসিং এবং অ্যাডভান্স ম্যানুফ্যাকচারিং এর একটি হাবে পরিণত হয়েছে এবং নিউ ইয়র্ক স্টেট কর্তৃক এই বিনিয়োগ আমাদের সেই সফল পথে এগিয়ে যেতে সাহায্য করবে এবং হেলথ কেয়ারের ভবিষ্যতকে শক্তিশালীও করবে।"

SUNY চ্যান্সেলর জন কিং বলেন, "SUNY পলিটেকনিক ইনস্টিটিউট এবং মোহক ভ্যালির প্রতি গভর্নর হোকলের এটি একটি অসাধারণ প্রতিশ্রুতি। সেমিকন্ডাক্টর ক্ষেত্র সহ উৎপাদন ক্যারিয়ারে সাফল্যের জন্য SUNY পলিটেকনিক ইনস্টিটিউট শিক্ষার্থীদের প্রস্তুত করার প্রাক্কালে তহবিলটি একটি কর্মী পাইপলাইন নির্মাণের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটকে একটি উৎপাদনের হাব হিসাবে পুনঃপ্রতিষ্ঠিত করতে সাহায্য করবে। এটি ক্রমবর্ধমান চাহিদা মেটাতে আরো পেশাদার হেলথ কেয়ারদের শিক্ষিত করার জন্য আমাদের সক্ষমতাকে সম্প্রসারিতও করে এবং SUNY পলিটেকনিক ইনস্টিটিউটকে দেশের প্রিমিয়াম পলিটেকনিক ইনস্টিটিউট হিসাবে প্রতিষ্ঠা করতে সহায়তা করে। আমি গভর্নর ও আমাদের আইন প্রণেতাদের তাদের ব্যাপক সমর্থনের জন্য ধন্যবাদ জানাই।"

SUNY পলিটেকনিক ইনস্টিটিউট এর প্রেসিডেন্ট ড. উইনস্টন সোবোয়েজো বলেন, "আমাদের প্রতিষ্ঠানে এই বিনিয়োগের জন্য এবং সেইসাথে গভর্নর ক্যাথি হোকল, SUNY চ্যান্সেলর জন বি. কিং জুনিয়র ও অ্যাসেম্বলি ওমেন বুটেনশনের অব্যাহত সহায়তা এবং সমর্থনের জন্য SUNY পলিটেকনিক ইনস্টিটিউট অবিশ্বাস্যভাবে কৃতজ্ঞ। মোহক ভ্যালির অসাধারণ প্রবৃদ্ধির সময়ে, এই বিনিয়োগের দ্বারা সম্ভব হওয়া এই ক্যাপিটাল অবকাঠামোগত অগ্রগতিগুলো আমাদের শিক্ষার্থীদের আরো পরিষেবা দিতে, শিল্প এবং কমিউনিটির অংশীদারদের সাথে সহযোগিতার জন্য উপায় তৈরির, অধিকন্তু নিউ ইয়র্ক স্টেট এবং এর বাইরেও শিল্পের কর্মীদের উন্নয়ন এবং দক্ষতার চাহিদা মেটানো অব্যাহত রাখার সুযোগ দেবে।"

কলেজ কাউন্সিলের চেয়ারম্যান রোআন ডেস্টিটো বলেন, "SUNY পলিটেকনিক ইনস্টিটিউটের ভবিষ্যৎ উজ্জ্বল। তথাপি এই বিনিয়োগটি SUNY, আমাদের নির্বাচিত কর্মকর্তা এবং গভর্নর ক্যাথি হোকলের কাছ থেকে SUNY পলিটেকনিক ইনস্টিটিউট যে বিপুল সমর্থন পেয়েছে তার আরেকটি উদাহরণ। অধিকন্তু, এটি তাদের আত্মবিশ্বাসের এবং এই অঞ্চলে ও স্টেট জুড়ে একটি উদ্ভাবনী অ্যাকাডেমিক লিডার এবং অর্থনৈতিক চালক হিসাবে SUNY পলিটেকনিক ইনস্টিটিউটের অবস্থানে আমাদের শেয়ার করা বিশ্বাসের প্রতিফলন।"

স্টেটের এই নতুন বিনিয়োগটি SUNY পলিটেকনিক ইনস্টিটিউটের ক্যাম্পাসে ইতোমধ্যেই সংস্কারের জন্য 72-প্লাস মিলিয়ন মার্কিন ডলারের উপর ভিত্তি করে তৈরি করেছে৷ এই উন্নয়নগুলোর মধ্যে রয়েছে ক্যাম্পাস সেন্টারের সংস্কারের জন্য 45 মিলিয়ন মার্কিন ডলার যা একটি নতুন কেন্দ্রীয়ভাবে অবস্থিত আবাসিক লাইফ স্যুট, সংস্কার করা অ্যাথলেটিক লকার রুম, অফিস, মিটিং এবং শ্রেণীকক্ষের স্থান, অধিকন্তু উন্নত ADA অ্যাক্সেসযোগ্যতা এবং হ্রাসকৃত কার্বন নির্গমন; প্রযুক্তি এবং আবাসিক ড্রাইভের পুনর্গঠন (5 মিলিয়ন মার্কিন ডলার); এবং STEM প্রোগ্রামগুলোকে আরো জোরদার করতে কুনসেলা এবং ডোনোভান হলের সংস্কার (22 মিলিয়ন মার্কিন ডলার)। পরবর্তীতে, কুনসেলা হলে ফ্রান্সিস এ. উইলকক্স ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি উইং, অধিকন্তু একটি নতুন STEM রাইটিং অ্যান্ড কমিউনিকেশন সেন্টার এবং আপডেট করা ইন্টারেক্টিভ মিডিয়া অ্যান্ড গেম ডিজাইন (Interactive Media and Game Desig, IMGD) স্টুডিও স্পেস তৈরি দেখতে পাবেন৷

অ্যাডইভান্স ম্যানুফ্যাকচারিং এবং মোহক ভ্যালিতে ঐতিহাসিক বিনিয়োগ

আজকের ঘোষণাটি অ্যাডইভান্স ম্যানুফ্যাকচারিং এবং মোহক ভ্যালির উল্লেখযোগ্য বিনিয়োগের উপর ভিত্তি করে তৈরি। এই বছরের শুরুতে, গভর্নর হোকল ওনাইডা কাউন্টি ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট এজেন্সিতে ফোকাসড অ্যাট্রাকশন অভ শোভেল-রেডি ট্র্যাক্টস নিউ ইয়র্ক (Focused Attraction of Shovel-Ready Tracts New York, FAST NY) অনুদান কর্মসূচির মাধ্যমে 14 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের ঘোষণা করেছিলেন। মার্সি ন্যানোসেন্টার ইতোমধ্যে প্রতিষ্ঠিত ক্যাম্পাসে একটি সম্পূর্ণ অনুমতি সম্পন্ন, শোভেল-রেডি গ্রিনফিল্ড সাইট প্রদান করে। একটি সেমিকন্ডাক্টর সাপ্লাই-চেইন ক্যাম্পাস গঠনের জন্য একটি এলাকা সংরক্ষিত করা আছে, প্রতিষ্ঠিত উলফস্পিড ফ্যাব এবং সম্প্রতি ঘোষিত মাইক্রন ফ্যাসিলিটির জন্য যার ব্যাপক চাহিদা রয়েছে এবং যা আঞ্চলিক এবং অনসাইট হাই-টেক কোম্পানিগুলোকে সেবাদান করবে। FAST NY অর্থায়ন এই সাইটটির উন্নয়ন অব্যাহত রাখবে এবং প্রস্তুতি, খনন এবং ইউটিলিটি অবকাঠামো কাজকে সমর্থন করবে।

অধিকন্তু, মোহক ভ্যালি কমিউনিটি কলেজ (Mohawk Valley Community College, MVCC) এর ফাস্ট ট্র্যাক প্রশিক্ষণ কর্মসূচিতে কৌশলগত কর্মশক্তি উন্নয়ন অফিস (Office of Strategic Workforce Development, OSWD) 976,000 মার্কিন ডলার বিনিয়োগ করেছে, যা অন্য কোনোভাবে নিজেদের দরিদ্র অবস্থা কাটিয়ে উঠতে সক্ষম হতো না এমন তরুণ প্রাপ্তবয়স্ক ব্যক্তিদেরকে ফাস্ট-ট্র্যাক প্রশিক্ষণ গ্রহণ করতে সাহায্য করার জন্য ডিজাইন করা হয়েছে, যা তাদেরকে এক বছরের কম সময় ধরে প্রশিক্ষণ গ্রহণ করার পরে একটি ভালো ক্যারিয়ার গঠনের পথে এগিয়ে যাওয়ার সুযোগ করে দিবে। OSWD কালাহান ম্যানেজমেন্ট ট্রেনিং সেন্টার

(Callahan Management Training Center) এবং সেন্ট্রাল নিউ ইয়র্কের ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন (Manufacturers Association of Central New York)-এ 996,000 মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করেছে, তা এমন একটি প্রোগ্রাম যা উৎপাদনে ক্যারিয়ার গড়তে চাওয়া মহিলাদের জন্য প্রাক-শিক্ষার্থী প্রশিক্ষণ এবং মোড়ক পরিষেবা প্রদান করে।

এই বছরের শুরুর দিকে, গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অভ হেলথ কেয়ার ফ্যাসিলিটি ট্রান্সফরমেশন কর্মসূচি থেকে 300 মিলিয়ন মার্কিন ডলার অনুদানের মাধ্যমে আংশিকভাবে অর্থায়ন করা ডাউনটাউন ইউটিকার উইন হাসপাতালের (Wynn Hospital) সমাপ্তির ঘোষণাও করেছিলেন। নতুন সমাপ্ত, অত্যাধিক চাহিদাসম্পন্ন, অত্যাধুনিক হাসপাতালটি বার্ষিক 90,000 পরিদর্শন কেয়ার সমর্থনের মাধ্যমে ইউটিকা এবং আশেপাশের কমিউনিটিগুলোতে আরো আধুনিক এবং অ্যাক্সেসযোগ্য চিকিৎসা সেবা নিয়ে আসবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418